আহত শ্রমিকদের জন্য আইনজীবী

নিউ ইয়র্ক স্টেটের চাকরিতে আহত বা অসুস্থ শ্রমিকদের সহায়তা করার জন্য আহত শ্রমিকদেরকে অফিস অভ দ্য অ্যাডভোকেট একটি অনন্য সেবা প্রদান করে। অ্যাডভোকেটের কর্মীরা আহত শ্রমিকদের নির্দেশিকা ও তথ্য প্রদান করে যাতে তারা শ্রমিকদের ক্ষতিপূরণ ব্যবস্থায় তাদের অধিকার রক্ষা করতে সক্ষম হয়।

একজন আহত শ্রমিক হিসেবে আপনার অধিকার সম্পর্কে অনিশ্চিত হলে, একটি ফোন কলের মাধ্যমেই সাহায্য পান। কল করুন **(877) 632-4996** নম্বরে কল করুন এবং **"আহত শ্রমিকদের জন্য অ্যাডভোকেট"** এর অফিসে যোগাযোগ করতে চান তা জানান। যেসব বিষয়ে অ্যাডভোকেটের অফিসের কর্মীরা আপনাকে সরাসরি জানাতে পারেন:

- কীভাবে একটি দাবি দাখিল করতে হয়
- কোন ফরম ব্যবহার করা হয়
- কী কী বিষয় অন্তর্ভুক্ত থাকবে
- বিতর্কিত দাবি
- শুনানি ও আপিলের অধিকার
- সময়মত ফাইল করা
- রেকর্ড সংরক্ষণ
- আপনার চিকিৎসায় আপনার ভূমিকা
- চিকিৎসাগত কী সুবিধা পাওয়া যায়
- পুনর্বাসন ও সামাজিক কাজ
- মৃত্যুর ঘটনাতে কী করতে হবে

আহত শ্রমিকদের জন্য অ্যাডভোকেট স্টেটব্যাপী ভ্রমণ করেন এবং শ্রমিকদের ক্ষতিপূরণ ব্যবস্থার পরিবর্তন সম্পর্কে হালনাগাদ তথ্য প্রদান করার জন্য শ্রমিক ইউনিয়ন, নিয়োগকর্তা, পেশাগত নিরাপত্তা/স্বাস্থ্য গ্রুপ এবং আহত শ্রমিকদের সহায়তা গ্রুপের সাথে সাক্ষাৎ করে থাকেন।

ওয়ার্কারস কম্পেনসেশন বোর্ড আহত শ্রমিকদের জন্য অ্যাডভোকেট

328 State Street
Schenectady, NY 12305
(877) 632-4996
advinjwkr@wcb.ny.gov

আহত শ্রমিকদের জন্য অ্যাডভোকেট কর্মীদের ক্ষতিপূরণ, শ্রমিক ইউনিয়ন, নিয়োগকর্তা, COSH গ্রুপ এবং আহত শ্রমিকদের সহায়তা দলের জন্য গুরুত্বপূর্ণ বিষয়গুলির উপস্থাপনার প্রস্তাব দেয়।

একটি শিক্ষা অধিবেশনের সময়সূচির জন্য কল বা ইমেইল করুন।

আপনি কাজে যদি আহত হয়ে থাকেন

যখন একটি **কর্মক্ষেত্রে আঘাত প্রাপ্তির ঘটনা** ঘটে, আপনার উচিত:

- যত তাড়াতাড়ি সম্ভব প্রাথমিক সাহায্য বা অন্যান্য প্রয়োজনীয় চিকিৎসার সন্ধান করা।
- দুর্ঘটনার তারিখ থেকে 30 দিনের মধ্যে আপনার নিয়োগকর্তার কাছে লিখিতভাবে আঘাতের বিষয়ে অবহিত করা।
- আপনার আঘাত প্রাপ্তির তারিখের দুই বছরের মধ্যে NYS ওয়ার্কারস কম্পেনসেশন বোর্ড (বোর্ড) এর কাছে একটি দাবি দাখিল করা; তবে, যত তাড়াতাড়ি সম্ভব দাখিল করা ভালো।

আপনি যদি কোনো **কাজ-সংক্রান্ত অসুস্থতা** বা **পেশাগত রোগে** আক্রান্ত হোন, তবে আপনাকে যত তাড়াতাড়ি সম্ভব প্রয়োজনীয় চিকিৎসার সন্ধান করতে হবে।

পেশাগত রোগের জন্য আপনার অক্ষম অবস্থায় থাকাকালীন দুই বছরের মধ্যে অথবা আপনার জানা তারিখ থেকে বা একজন স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর দ্বারা বলা হয়েছিল যে অবস্থাটি কাজ সম্পর্কিত ছিল সেই তারিখ থেকে দুই বছরের মধ্যে শ্রমিকদের ক্ষতিপূরণের দাবিগুলি দায়ের করা আবশ্যক।

একটি দাবি দাখিল করা

দ্রুততম: wcb.ny.gov ওয়েবসাইটে গিয়ে **File a Claim** (একটি দাবি দাখিল করুন), নির্বাচন করুন এবং ফরম অনলাইনে দাখিল করতে **Employee Claim (Form C-3) (কর্মচারী দাবি (ফরম -C-3)** সম্পন্ন করুন।

যদি কর্মচারী দাবি **(ফরম C-3)** জমা দেওয়ার বিষয়ে আপনার কোনো প্রশ্ন থাকে তবে অনুগ্রহ করে **(877) 632-4996** নম্বরে কল করুন এবং একজন বোর্ড প্রতিনিধি আপনাকে সহায়তা করবে।

আপনার দাবি সম্পর্কিত কোনো প্রশ্ন?

আপনার কর্মীদের ক্ষতিপূরণ দাবি সম্পর্কে আরও তথ্যের জন্য, কল করুন:

(877) 632-4996

যখন আপনি কল করবেন তখন নিম্নলিখিত তথ্যের জন্য আপনাকে জিজ্ঞাসা করা হবে:

- আপনার নাম
- আপনার WCB কেস নম্বর, যদি দাখিল করে থাকেন
- টেলিফোন নম্বর (এলাকার কোডসহ) যেখানে আপনাকে পাওয়া যাবে
- সমস্যার সংক্ষিপ্ত বিবরণ এবং এ সম্পর্কিত প্রাপ্ত কোনো চিঠিপত্র

স্বাস্থ্য সেবা

আপনার আঘাত বা অসুস্থতার জন্য সমস্ত অনুমোদিত চিকিৎসা আপনার নিয়োগকর্তার বীমাকারী দ্বারা প্রদান করা হয়। আপনার কাজ থেকে সময় হারালে বা না হারালেও এই সুবিধা পাওয়া যায়। বঞ্চিত হওয়া কোনো বেতনের জন্য যেকোনো সুবিধার সাথেও এটি অতিরিক্ত ভাবে দেওয়া হয়।

স্বাস্থ্যসেবা প্রদানকারী বোর্ড কর্তৃক অনুমোদিত হতে হবে। আপনি **wcb.ny.gov** এ বোর্ডের ওয়েবসাইটে অনুমোদিত স্বাস্থ্যসেবা প্রদানকারীর একটি তালিকা অথবা **(800) 781-2362**- নম্বরে মেডিকেল ডিরেক্টরের অফিসে কল করে খুঁজে পেতে পারেন। আপনি যদি কোনো প্রদানকারীর কাছ থেকে বা আপনার নিজের ডাক্তার অনুমোদিত হলে তার কাছ থেকে স্বাস্থ্যসেবা নিতে পারেন।

লস্ট ওয়েজ বেনেফিট

একজন চিকিৎসা স্বাস্থ্যসেবা প্রদানকারীর কাছ থেকে যথাযথ চিকিৎসা নথিপত্রের উপর ভিত্তি করে শ্রমিকদের ক্ষতিপূরণে লস্ট ওয়েজ পাওয়া যায়। বেনিফিট আপনার গড় সাপ্তাহিক মজুরির দুই-তৃতীয়াংশে প্রদান করা হয়, যা আঘাত পাওয়ার তারিখের 52 সপ্তাহ আগে আপনার মজুরির উপর নির্ভর করে এবং আইনের দ্বারা অনুমোদিত সর্বোচ্চ বেনিফিটের পরিমাণ অতিক্রম করে না।

প্রতি জুলাই মাসের 1 তারিখে সর্বোচ্চ বেনিফিটের পরিমাণ সমন্বয় করা হয়। প্রতি বছর 31 মার্চ তারিখে কমিশনার অব লেবার দ্বারা সুপারিন্টেন্ডেন্ট অব ইনস্যুরেন্সের প্রতি জানানো প্রতিবেদন অনুসারে এটি আগের ক্যালেন্ডার বছরের জন্য নিউ ইয়র্ক স্টেট গড় সাপ্তাহিক মজুরির উপর নির্ভর করে।*

আপনার আঘাতের সময়ে আপনি যদি একাধিক কাজে যুক্ত থেকে থাকেন, তবে এটি "একই সময়ে থাকা কর্মসংস্থান" হিসাবে বিবেচিত হতে পারে। এই ক্ষেত্রে, প্রতিটি কাজের মজুরি সম্পর্কে বোর্ডকে অবহিত করা উচিত। যদি এটি "একই সময়ে থাকা কর্মসংস্থান" হয়, তাহলে আপনার গড় সাপ্তাহিক মজুরি নির্ধারণের জন্য মজুরি একসাথে যোগ করা হয়।

***একজন আহত শ্রমিক গৃহীত বেনিফিটের হার (তার আঘাতের তারিখ অনুসারে নির্ধারিত) বৃদ্ধি পায় না যদি নতুন সর্বাধিক বেনিফিট আইন দ্বারা গৃহীত হয়।**

শ্রমিকদের ক্ষতিপূরণ জালিয়াতি একটি E শ্রেণির গুরুতর অপরাধ, যার শাস্তি চার বছর পর্যন্ত কারাদণ্ড এবং 5000 মার্কিন ডলার জরিমানা।

মনে রাখবেন: নিরাপত্তাকে প্রাধান্য দিন
সেরা দুর্ঘটনা হল সেটি যেটি কখনোই ঘটে না।

নিউ ইয়র্ক স্টেট ওয়ার্কারস কম্পেনসেশন বোর্ড আহত বা অসুস্থ ব্যক্তিদের সুবিধার যথাযথ সরবরাহ নিশ্চিত করা এবং আইন মেনে চলা প্রচার করার মাধ্যমে কর্মী এবং নিয়োগকারীদের অধিকার রক্ষা করে। বোর্ড সম্পর্কে আরও জানতে, ভিজিট করুন wcb.ny.gov।

BN-INJ-ADV-injwkrs-flat-v2 7-19 Bengali